# বাংলা বিভাগ অ্যালামনাই

রাজশাহী বিশ্ববিদ্যালয়

প্রধান কার্যালয়: কক্ষ ১৪৬, শহীদুল্লাহ কলাভবন, বাংলা বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়


ঢাকা
৩১ জানুয়ারি,২০১৯

## বাংলা বিভাগ অ্যালামনাই রাজশাহী বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় কার্যনির্বাহী পরিষদের চতুর্থ সভা

বাংলা বিভাগ অ্যালামনাই, রাজশাহী বিশ্ববিদ্যালয় এর দ্বিতীয় কার্যকরী পরিষদের ৪র্থ সভা ১৯ জানুয়ারি ২০১৯,শনিবার বেলা ১১টায় ঢাকার কাওরান বাজারে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি আপেল আবদুল্লাহ, সভা পরিচালনা করেন প্রফেসর ড. পি, এম, সফিকুল ইসলাম। সভায় বার্ষিক বনভোজন ও সাধারণ সভাসহ বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয় ঃ

১। তৃতীয় সভায় নেয়া প্রাথমিক সিদ্ধান্ত পরিবর্তন করে ৯ ফেব্রুয়ারি,২০১৯ শনিবার, বগুড়া পল্লী উন্নয়ন একাডেমীতে বার্ষিক সাধারণ সভা ও বনভোজন আয়োজনের সিদ্ধান্ত নেয়া হয়।

২। সদস্যগণ সরাসরি দেশের বিভিন্ন স্থান থেকে নিজ ব্যবস্থাপনায় যাতায়াত করে বার্ষিক সাধারণ সভা ও বনভোজনে যোগ দিতে পারবেন।

৩। যারা আগে বগুড়ায় গিয়ে রাত্রি যাপন করতে চান তাদেরকে সে বিষয়ে ৪ ফেব্রুয়ারির পূর্বে সভাপতি/ সাধারণ সম্পাদক/কোষাধ্যক্ষ/যুগ্ম সাধারণ সম্পাদককে অবহিত করতে হবে। তাহলে তাদের জন্য আরডিএতে থাকার ব্যবস্থা করা হবে তবে ১ দিনের রুমভাড়া ও খাবার খরচ সংশ্লিষ্ট সদস্যকে বহন করতে হবে।

৪। সদস্যদের বগুড়ায় নেয়ার জন্য রাজশাহী থেকে ভোর ৫টায় এবং ঢাকা থেকে বগুড়া নেয়ার জন্য ভোর ৫টায় ভাড়া বাস বগুড়ার উদ্দেশে ছেড়ে যাবে। যদি একদিন আগে উভয়স্থান থেকে (উল্লেখযোগ্য সংখ্যক) একটা বাসে আসনের সমান সদস্য যেতে চান তাহলে রাজশাহী ও ঢাকা থেকে একটি করে বাসের ব্যবস্থা করা হবে। তবে এ ক্ষেত্রে সংশ্লিষ্ট সদস্যদের নিজেদের থাকা এবং খাওয়ার খরচ বহন করতে হবে।

৫। বনভোজনের চাঁদা ঃ

ক। যারা সরাসরি বনভোজন এ সাধারণ সভায় যোগ দেবেন, তাদের জন্য চাঁদা (সদস্য, পরিবারের সদস্য ও অতিথি, বাংলা বিভাগের বর্তমান ছাত্র-ছাত্রী) প্রতিজনে আলাদাভাবে ১,২০০/- টাকা।

খ। যারা রাজশাহী থেকে ভাড়া করা নির্ধারিত বাসে যাবেন, তাদের জন্য জনপ্রতি চাঁদা ১,৭০০/- টাকা।

গ। যারা ঢাকা থেকে ভাড়া করা নির্ধারিত বাসে যাবেন তাদের জনপ্রতি চাঁদা ২,৭০০/- টাকা।

ঘ। অ্যালামনাইয়ের পক্ষ থেকে সদস্যদের জন্য ৯ ফেব্রুয়ারি (শনিবার) সকালে নাস্তা, দুপুরের খাবার, রাতের খাবার ও চা-নাস্তার ব্যবস্থা করা হবে। চাঁদা প্রদানের শেষ তারিখঃ ৪ ফেব্রুয়ারি,২০১৯।


যোগাযোগ : ০১৭১৮-০০১৮১৭, ০১৯১৪-২৫৪১৭৯, ০১৭১৮-০৫৬৭৬৭,
ই-মেইল : aapelabdullah@gmail.com, anikmahmud146@gmail.com
সকল হালনাগাদ তথ্যের জন্য ভিজিট করুন ওয়েব সাইটঃ www.bangladeptalumniru.org

ঙ। বনভোজনে সাংস্কৃতিক অনুষ্ঠান, র‍্যাফেল ড্র ও খেলাধুলা, কুইজসহ বিভিন্ন অনুষ্ঠানের ব্যবস্থা থাকবে।

চ। বার্ষিক সভায় বনভোজনের যে কোন বিষয়ে জানার জন্য সভাপতি, সাধারণ সম্পাদক, কোষাধ্যক্ষ ও যুগ্ম সম্পাদকদের সাথে যোগাযোগ করা যাবে।

ছ। চাঁদা জমা দিতে হবে।

ঢাকায় ঃ সভাপতি এবং যুগ্ম সম্পাদক আমিনুর রহমান সুলতান, নির্বাহী সদস্য মুহম্মদ রবীউল আলম, নাজমুন নাহার বিউটি, প্রচার সম্পাদক মাহবুব আলম এবং ডকুমেন্টেশন ও গবেষনা সম্পাদক ফাহমিদা পলির কাছে প্রদান করা যাবে।

রাজশাহীতে ঃ সাধারণ সম্পাদক ও কোষাধ্যক্ষ ছাড়াও যুগ্ম সম্পাদক অধ্যাপক শহীদ ইকবাল, সহ-সাধারণ সম্পাদক মোঃ আজিজুর রহমান দীপু, সংস্কৃতি সম্পাদক ড. সুমাইয়া খান, নির্বাহী সদস্য প্রফেসর কামরুজ্জামান গোপন, রবিউল ইসলাম, ড. নাসিমা খাতুন ও মনোরমা ইসলাম।

জ। সভায় এও সিদ্ধান্ত নেয়া হয় যদি কোনো বিশেষ কারণে নির্ধারিত তারিখে বার্ষিক সাধারণসভা ও বনভোজন করা সম্ভব না হয় তাহলে সভাপতি ও সাধারণ সম্পাদক তারিখ ও চাঁদার ব্যাপারে আলোচনা করে সিদ্ধান্ত নিতে পারবেন। এ পরিপ্রেক্ষিতে ৩১ জানুয়ারি যথেষ্ট সদস্যের সাড়া না পাওয়ায় বার্ষিক সাধারণ সভা ও বনভোজনের চাঁদা কমিয়ে সরাসরি যারা সুটে যাবেন তাঁদের জন্য ৭০০/- টাকা। ঢাকা থেকে যাঁরা বাসে যাবেন তাঁদের জন্য ১৭০০/- টাকা এবং রাজশাহী থেকে যাঁরা বাসে যাবেন তাঁদের জন্য ১০০০/- টাকা নির্ধারণ করা হয়।

৭। সভায় মতিহার বাংলা ১ ও ২-এ প্রকাশিত সদস্যদের নাম ও ঠিকানা যথাযথভাবে ব্যাচ অনুযায়ী সাজানোর ক্ষেত্রে ব্যত্যয় ঘটেছে। সঠিকভাবে এটি সাজানোর জন্য আমিনুর রহমান সুলতানকে দায়িত্ব দেয়া হয়। তাকে সহযোগিতা করবেন মাহবুব আলম ও ফাহমিদা পলি। অ্যালামনাইয়ের সকল জীবন সদস্য ও সাধারণ সদস্য-কে এ বিষয়ে তথ্য দিয়ে সহযোগিতা করার জন্য অনুরোধ জানানো হয়। আমিনুর রহমান সুলতানের ফোন নম্বর ঃ ০১৭৩১৭২৯৫০১/০১৭১১৫০৬৯৫৭। দায়িত্ব প্রাপ্তগণ আগামী ৩১ মার্চের মধ্যে তাদের কার্যক্রম শেষ করবেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

| | |
|---|---|
| প্রফেসর ড. পি, এম, সফিকুল ইসলাম | আপেল আবদুল্লাহ্ |
| সাধারণ সম্পাদক | সভাপতি |
| বাংলা বিভাগ অ্যালামনাই | বাংলা বিভাগ অ্যালামনাই |